

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৪৪৮

৩৫/ কিয়ামত ও মর্মস্পর্শী বিষয় (إكتاب صفة القيامة والرقائق والورع عن رسول الله পরিচ্ছেদঃ ১৭. (কতই না নিকৃষ্ট সেই ব্যাক্তি)

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى الْأَزْدِيُّ الْبَصْرِيُّ، حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ، حَدَّثَنَا هَاشِمٌ، وَهُوَ ابْنُ سَعِيدِ الْكُوفِيُّ حَدَّثَنِي زَيْدٌ الْخَتْعَمِيُّ، عَنْ أَسْمَاءَ بِنْتَ عُمَيْسٍ الْخَتْعَمِيَّةِ، هَاشِمٌ، وَهُوَ ابْنُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " بِئِسَ الْعَبْدُ عَبْدٌ تَخَيَّلَ وَاخْتَالَ وَنَسِيَ الْحَبْدُ عَبْدٌ سَمَعِ الْجَبَّارَ الأَعْلَى بِئِسَ الْعَبْدُ عَبْدٌ تَجَبَّرَ وَاعْتَدَى وَنَسِيَ الْجَبَّارَ الأَعْلَى بِئِسَ الْعَبْدُ عَبْدٌ سَهَا وَلَهَا وَنَسِيَ الْمُبْتَدَا وَالْمُنْتَهَى عَبْدٌ سَهَا وَلَهَا وَنَسِيَ الْمُبْتَدَا وَالْمُنْتَهَى بِئِسَ الْعَبْدُ عَبْدٌ عَتَا وَطَغَى وَنَسِيَ الْمُبْتَدَا وَالْمُنْتَهَى بِئِسَ الْعَبْدُ عَبْدٌ يَخْتِلُ الدِّينَ بِالشَّبُهَاتِ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ مَعْدٌ يَخْتِلُ الدِّينَ بِالشَّبُهَاتِ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ مَعْدُ لَيْهُ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ رَغَبٌ يُذِلُّهُ ". قَالَ أَبُو عَبْدٌ طَمَعٌ يَقُودُهُ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ مَوْقَى يُضِلُّهُ بِئِسَ الْعَبْدُ عَبْدٌ رَغَبٌ يُذِلُّهُ ". قَالَ أَبُو عِيشَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَلَيْسَ إِسْنَادُهُ بِالْقَوِيّ .

## বাংলা

২৪৪৮। আসমা বিনতু উমাইস আল-খাসআমিয়া (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ সেই ব্যক্তি কতই না খারাপ যে নিজেকে বড় মনে করে এবং অহংকার করে আর আল্লাহ্ তা'আলাকে ভুলে যায়।

সেই ব্যক্তি কতই না খারাপ, যে যালিম হয়ে যুলুম করে এবং পরাক্রমশালী আল্লাহ্ তা'আলাকে ভুলে যায়। সেই ব্যক্তি কতই না খারাপ, যে সত্যবিমুখ হয়ে অনর্থক কাজে লিপ্ত হয় এবং গোরস্থান ও মাটিতে মিশে যাওয়ার কথা ভুলে যায়। সেই ব্যক্তি কতই না খারাপ, যে বিদ্রোহী হয়ে অবাধ্যতা করে এবং তার সূচনা ও পরিণতিকে ভুলে যায়। আর সেই ব্যক্তি কতই না খারাপ যে দীনের বিনিময়ে দুনিয়া হাসিল করার পথ অবলম্বন করে।

আর সেই ব্যক্তি কতই না খারাপ যে সন্দেহজনক বিষয়ের উপর আমল করে দীনের মধ্যে সন্দেহের সৃষ্টি করে। সেই ব্যক্তি কতই না খারাপ যে লালসার গোলাম হয়ে যায়, লালসা তাকে টেনে নিয়ে যায়। সেই ব্যক্তি কতই না খারাপ যাকে তার প্রবৃত্তি ভুল পথে পরিচালিত করে। সেই ব্যক্তি কতই না খারাপ যাকে প্রবৃত্তির চাহিদা লাঞ্ছিত করে।



যঈফ, মিশকাত তাহকীক ছানী (৫১১৫), যঈফা (২০২৬) যিলাল (৯-১০)

আবূ ঈসা বলেন, এ হাদীসটি গারীব। শুধুমাত্র উপরোক্ত সূত্রেই আমরা এ হাদীস জেনেছি। এর সন্দ তেমন মজবুত নয়।

## **English**

Asma bint 'Umais Al-Khath'amiyyah narrated that The Messenger of Allah (s.a.w) said:

"What an evil servant is the one who fancies himself and becomes vain forgetting the Most Great, the Most High. What an evil servant is the one who forces and behaves hostility, forgetting the Compeller, the Most High. What an evil servant is the one who is heedless and diverted, forgetting about the graves and the trials. What an evil servant is the one who is violent and tyrannical, forgetting his beginnings or his end. What an evil servant is the one who seeks the world through the religion. What an evil servant is the one who seeks the religion through his desires. What an evil servant is the worshipper who is misled by his desire. What an evil servant is the one whose aspirations humiliate him."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু 'উমায়স (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন